দৈনিক বাংলা

তারিখ ৫|৩|৮০
পৃষ্ঠা ......... কলাম .........

০৭৪

# আজ বিশ্ব মুসলিম শিক্ষা সম্মেলন শুরু

পাঠ্যক্রমকে ইসলামীকরণের নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্যে আজ বৃহস্পতিবার সকাল থেকে ঢাকায় বিশ্ব মুসলিম শিক্ষা সম্মেলন শুরু হচ্ছে। সম্মেলন স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বক্তৃতা করবেন। খবর বাসসের।

সম্মেলন উপলক্ষে ইতিমধ্যেই বিশ্বের বিভিন্ন দেশের বিশিষ্ট মুসলিম পণ্ডিতরা ঢাকায় এসে পৌঁছেছেন।

উদ্বোধনী অধিবেশনে বক্তৃতা করবেন ফলো-আপ কমিটির চেয়ারম্যান শেখ আহমদ সালাহ জামজুম ও সৌদী আরবের বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ডঃ আবদুল্লাহ ওমর নাসিফ।

সৌদী আরবের বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় ঢাকার ইসলামী শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।

সম্মেলনে ইসলামী শিক্ষার ওপর

(শেষ পৃঃ ১-এর ৫ঃ দৃঃ)

## সম্মেলন শুরু

(১ম পৃঃ পর)

আলোকপাত করে বক্তৃতা ও সেমিনার অনুষ্ঠিত হবে। ১১ই মার্চ পর্যন্ত সম্মেলন চলবে।

উদ্বোধনী দিনের বক্তৃতার বিষয়বস্তু হচ্ছে—শিক্ষা, ইসলামী মতবাদ ও আধুনিক সমাজ। এই অধিবেশনের মূল বক্তব্য রাখবেন নাইজেরীয় বিচারপতি ডঃ শেখ আহমদ লিমু।

সেমিনারের মূল নিবন্ধ উপস্থাপন করবেন বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ সৈয়দ আলী আশরাফ।

দ্বিতীয় অধিবেশনের বিষয়বস্তু হচ্ছে—চিরায়ত ও আধুনিক ব্যবস্থার জন্য অভিন্ন ইসলামী পাঠ্যক্রম। আরব বিশ্বের পক্ষে মূল নিবন্ধ উপস্থাপন করবেন ডঃ হুসেন হামিদ হাসান এবং আরব-বহির্ভূত বিশ্বের পক্ষে মূল নিবন্ধ উপস্থাপন করবেন ডঃ এ এন এম মমতাজউদ্দিন চৌধুরী।

এনার খবরঃ বাদশাহ আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ডঃ আবদুল্লাহ ওমর নাসিফ ইসলামী মতবাদের ভিত্তিতে মুসলিম সমাজ গড়ে তোলার জন্য সারা মুসলিম বিশ্বের শিক্ষাব্যবস্থাকে ইসলামীকরণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন।

তিনি বুধবার ঢাকায় এক হোটেলে আয়োজিত এক জনাকীর্ণ সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করছিলেন। মুসলিম শিক্ষা সম্পর্কে তৃতীয় বিশ্ব সম্মেলন উপলক্ষে এই সম্মেলন আহবান করা হয়।